# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২০৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ কোন সওয়ারী বা যানবাহনে চড়ার সময় দু‘আ

আরবী

وَعَنْ عَلِيِّ بنِ رَبِيعَةَ قَالَ : شَهِدتُّ عَلِيَّ بنَ أَبِي طَالِبٍ أُتِيَ بِدابَّةٍ لِيَرْكَبَهَا فَلَمَّا وَضَعَ رِجْلَهُ فِي الرِّكَابِ قَالَ : بِسْمِ اللهِ فَلَمَّا اسْتَوَى عَلَى ظَهْرِهَا قَالَ : الحَمْدُ للهِ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ وَإنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ ثُمَّ قَالَ : اَلحَمْدُ للهِ ثَلاثَ مَرَّاتٍ ثُمَّ قَالَ : اَللهُ أكْبَرُ ثَلاثَ مَرَّاتٍ ثُمَّ قَالَ : سُبْحَانَكَ إنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي إنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوبَ إلاَّ أنْتَ ثُمَّ ضَحِكَ فَقِيلَ : يَا أَمِيرَ المُؤْمِنِينَ مِنْ أيِّ شَيْءٍ ضَحِكْتَ ؟ قَالَ : رَأيتُ النبيَّ ﷺ فَعَلَ كَمَا فَعَلْتُ ثُمَّ ضَحِكَ فقُلْتُ : يَا رَسُوْلَ اللهِ مِنْ أيِّ شَيْءٍ ضَحِكْتَ ؟ قَالَ إنَّ رَبَّكَ تَعَالَى يَعْجَبُ مِنْ عَبدِهِ إذَا قَالَ : اغْفِرْ لِي ذُنُوبِي يَعْلَمُ أنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوبَ غَيْرِي رواه أَبُو داود والترمذي، وَقَالَ حديث حسن وفي بعض النسخ حسن صحيح وهذا لفظ أَبي داود

বাংলা

(৩২০৯) আলী ইবনে রাবীআহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি আলী ইবনে আবু ত্বালেব (রাঃ) এর নিকট হাজির ছিলাম। যখন তাঁর নিকট আরোহন করার উদ্দেশ্যে বাহন আনা হল এবং যখন তিনি বাহনের পাদানে স্বীয় পা রাখলেন তখন ’বিসমিল্লাহ’ বললেন। অতঃপর যখন তার পিঠে স্থির হয়ে সোজাভাবে বসলেন তখন বললেন,

’আলহামদু লিল্লাহিল্লাযী সাখখারা লানা হা-যা অমা কুন্না লাহু মুক্বরিনীন। অইন্না ইলা রাব্বিনা লামুনক্বালিবূন।’ অতঃপর তিনবার ’আলহামদুলিল্লাহ’ পড়লেন। অতঃপর তিনবার ’আল্লাহু আকবার’ পড়লেন। অতঃপর পড়লেন, ’সুবহানাকা ইন্নী যালামতু নাফসী ফাগফিরলী, ইন্নাহু লা য়্যাগফিরুয্ যুনূবা ইল্লা আনতা।’

অতঃপর তিনি হাসলেন। তাঁকে জিজ্ঞাসা করা হল, ’হে আমীরুল মু’মিনীন! আপনি হাসলেন কেন?’ তিনি বললেন, ’আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখলাম, তিনি তাই করলেন, যা আমি করলাম। অতঃপর তিনি হাসলেন। আমি প্রশ্ন করলাম, ’হে আল্লাহর রসূল! আপনি হাসলেন কেন?’ তিনি বললেন, তোমার মহান প্রতিপালক তাঁর সেই বান্দার প্রতি আশ্চর্যান্বিত হন, যখন সে বলে, ’ইগফিরলী যুনূবী’ (অর্থাৎ, আমার গুনাহসমূহ

ক্ষমা করে দাও।) সে জানে যে, আমি (আল্লাহ) ছাড়া পাপরাশি আর কেউ মাফ করতে পারে না।

## ফুটনোট

(আবূ দাউদ ২৬০৪, তিরমিযী ৩৪৪৬, হাসান, কোন কোন কপিতে আছে, 'হাসান সহীহ' আর এ শব্দমালা আবূ দাউদের।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন